**Access to Information (a2i) Programme**
Prime Minister's Office

স্মারক নং: ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৫/২৮০ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০১৫

বিষয়: ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চুক্তি সম্পাদন প্রসঙ্গে।

রূপকল্প ২০২১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেবার লক্ষ্যে দেশের সকল ইউনিয়ন পরিষদে ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। এ সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপনের ফলে নাগরিকদের জীবনমানে ইতিবাচক পরিবর্তন সাধিত হচ্ছে। জেলা প্রশাসনের গতিশীল নেতৃত্বের কারণে কেন্দ্রসমূহ থেকে জনগণ বিভিন্ন ধরনের সরকারি ও বেসরকারি সেবা পাচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের সেবার মান উন্নয়ন ও কেন্দ্রসমূহ সুচারুরূপে পরিচালনার লক্ষ্যে গত ৩০ জানুয়ারি ২০১৩ তারিখে স্থানীয় সরকার বিভাগ একটি পরিপত্র জারি করে। পরিপত্রের অনুচ্ছেদ-২ এর উপানুচ্ছেদ ২.৩ অনুযায়ী ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করা ইউনিয়ন পরিষদের অন্যতম দায়িত্ব ও কর্তব্য। ২০১৫ সালে সরকারি বিভিন্ন দপ্তরের সেবাসমূহ ডিজিটাল সেন্টার থেকে প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং এটুআই প্রোগ্রাম যৌথভাবে কাজ করছে। পরিপত্র অনুযায়ী ইউনিয়ন পরিষদকে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তার সাথে চুক্তিপত্র স্বাক্ষরের নির্দেশনা দেয়া প্রয়োজন।

২। এমতাবস্থায়, আপনার জেলার সকল ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিপত্র সম্পাদন/নবায়ন করার জন্য নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। ইউডিসি পরিচালনা বিষয়ক পরিপত্র।
২। নমুনা চুক্তিপত্র।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প

বিতরণ: (কার্যার্থে)

১। জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। কমিশনার, সকল বিভাগ।

**Old Sangsad Bhaban, Tejgaon, Dhaka-1215**
88 02 8159896, 9144848, 9102311 88 02 9112276 a2i@a2i.pmo.gov.bd
www.a2i.pmo.gov.bd /a2ibangladesh /a2ibangladesh